গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৭০/২০১৯-২০২০
ঢাকা ১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার ২০২০, ৫ ফাল্গুন ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মন্ত্রিসভায় বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইনের খসড়ার নীতিগত অনুমোদন
২। রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ
৩। সরকার ও জনগণের মধ্যে সম্পর্ক জোরদার করুন : সংসদ সদস্যদের প্রতি রাষ্ট্রপতি
৪। দু'টি আইনে রাষ্ট্রপতির স্বাক্ষর
৫। বঙ্গবন্ধুকে নিয়ে লেখা বইয়ের মোড়ক উন্মোচন করলেন প্রধানমন্ত্রী
৬। প্রধানমন্ত্রীর উপস্থিতিতে এসএসএফকে হোন্ডার দুটি ফ্ল্যাগশিপ মোটরসাইকেল হস্তান্তর
৭। মাদক নির্মূল না হলেও নিয়ন্ত্রণে আনা হবে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী
৮। দেশে এক লাখ মানুষের বিপরীতে বিচারক একজন : সংসদে আইনমন্ত্রী
৯। সমুদ্রে মাছ ধরতে গিয়ে মৃত্যু হলে বিমা সুবিধা বিবেচনাধীন : সংসদে প্রাণিসম্পদ মন্ত্রী
১০। গত ৯ বছরে পিএসসির মাধ্যমে ৯৭ হাজার কর্মকর্তা নিয়োগ দিয়েছে সরকার : সংসদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১১। বাণিজ্যমন্ত্রীর সঙ্গে নেপালের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক
সৈয়দপুর বিমানবন্দর ব্যবহারে আগ্রহী নেপাল
১২। পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সঙ্গে কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বৈঠক
ফিফা বিশ্বকাপ-২০২২ উপলক্ষে দক্ষ কর্মী নিতে চায় কাতার
১৩। দানাদার খাদ্যে বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণ : মৌ মেলার উদ্বোধন অনুষ্ঠানে কৃষিমন্ত্রী
১৪। গবেষণাপত্র প্রকাশে শিক্ষকদের সহযোগিতা করবে সরকার : ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে শিক্ষামন্ত্রী
১৫। নিখুঁত জনশুমারি করতে হবে : পরিকল্পনামন্ত্রী
১৬। কচুরিপানা থেকে খাদ্য তৈরির গবেষণা করুন : কৃষিবিজ্ঞানীদের প্রতি পরিকল্পনামন্ত্রী
১৭। ঋত্বিক ঘটকের বাড়ি রক্ষায় সরকার ব্যবস্থা নেবে : রাজশাহীতে সংস্কৃতি প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

**১। মন্ত্রিসভায় বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইনের খসড়ার নীতিগত অনুমোদন**

শিশুদের জন্য উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য ঢাকা শিশু হাসপাতাল ও বাংলাদেশ শিশু স্বাস্থ্য ইনস্টিটিউটকে একীভূত করে একুশটি ধারাসংবলিত 'বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২০'-এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) প্রধানমন্ত্রীর তেজগাঁওস্থ কার্যালয়ে (পিএমও) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন প্রদান করা হয়। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

**২। রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। রাষ্ট্রপতির প্রেস সচিব জানান, প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় পর্যায়ের বিভিন্ন বিষয় বিশেষকরে সম্প্রতি তাঁর ইতালি, সংযুক্ত আরব আমিরাত এবং স্পেন সফর নিয়ে রাষ্ট্রপতির সঙ্গে আলোচনা করেন। পরে প্রধানমন্ত্রী বঙ্গভবনের দরবার হলে রাষ্ট্রপতির নৈশভোজে যোগ দেন। সূত্র- **জনকণ্ঠ** (শেষ পৃ.১৯,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৩। সরকার ও জনগণের মধ্যে সম্পর্ক জোরদার করুন : সংসদ সদস্যদের প্রতি রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ চলমান অগ্রগতি ও গণতন্ত্রের বিকাশ টেকসই করার লক্ষ্যে সরকার ও সাধারণ মানুষের মধ্যে সম্পর্কোন্নয়ন করতে সংসদ সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) বঙ্গভবনে প্রধানমন্ত্রী, স্পিকার, মন্ত্রিসভার সদস্য এবং সংসদ সদস্যদের সম্মানে আয়োজিত নৈশভোজে ভাষণে বলেন, আপনারা হচ্ছেন সরকার ও জনগণের মধ্যে সেতুবন্ধন। তাই এ বন্ধন যত বেশি মজবুত ও দৃঢ় হবে, উন্নয়ন ও গণতন্ত্রের বিকাশও তত বেশি টেকসই হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** ( শেষ পৃ,ক.৩), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.৬)।

**৪। দু'টি আইনে রাষ্ট্রপতির স্বাক্ষর**

চলতি জাতীয় সংসদের ষষ্ঠ অধিবেশনে পাস হওয়া দু'টি আইনে সম্মতি দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) তিনি বিল দুটিতে স্বাক্ষর করায় তা আইন হিসেবে কার্যকর হলো। আইন দু'টি হলো- বাংলাদেশ সড়ক পরিবহণ করপোরেশন বিল-২০২০ এবং বাংলাদেশ বাতিঘর বিল-২০২০। সূত্র- **ভোরের কাগজ** (পৃ.২,ক.৫)।

**৫। বঙ্গবন্ধুকে নিয়ে লেখা বইয়ের মোড়ক উন্মোচন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদ ভবনের বঙ্গবন্ধু কর্নারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে লেখা দু'টি বইয়ের মোড়ক উন্মোচন করেছেন। প্রধানমন্ত্রী প্রথমে জাতির পিতার বিভিন্ন সাক্ষাৎকার ও কথোপকথনের সংকলন গ্রন্থ 'জয় বাংলা' বইয়ের মোড়ক উন্মোচন করেন। প্রধানমন্ত্রী বইটির ভূমিকা লিখেছেন। এছাড়া প্রধানমন্ত্রী 'বঙ্গবন্ধু স্মৃতি সত্তা ভবিষ্যৎ' বইয়েরও মোড়ক উন্মোচন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **সমকাল** (পৃ.১৫,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৬। প্রধানমন্ত্রীর উপস্থিতিতে এসএসএফকে হোন্ডার দুটি ফ্ল্যাগশিপ মোটরসাইকেল হস্তান্তর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লিমিটেড বিশেষ নিরাপত্তা বাহিনীকে (এসএসএফ) দুটি ফ্ল্যাগশিপ 'জিএল ১৮০০ গোল্ডউইং' মোটরসাইকেল হস্তান্তর করেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে এক অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিমিহিকো কাৎসুকি এসএসএফের মহাপরিচালক মেজর জেনারেল মো. মজিবুর রহমানের কাছে দুটি ১৮০০ সিসি মোটরসাইকেলের চাবি হস্তান্তর করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.১৫,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৭। মাদক নির্মূল না হলেও নিয়ন্ত্রণে আনা হবে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, মাদকের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স নীতি রয়েছে। মাদকের ডিমান্ড, সাপ্লাই হ্রাসের চেষ্টা চলছে। মাদক নির্মূল করতে না পারলেও নিয়ন্ত্রণে আনা হবে। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **ইত্তেফাক** ( শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**৮। দেশে এক লাখ মানুষের বিপরীতে বিচারক একজন : সংসদে আইনমন্ত্রী**

জনসংখ্যার তুলনায় বিচারকের সংখ্যা কম থাকার কথা জানিয়ে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, দেশে বর্তমানে প্রতি এক লাখ মানুষের জন্য বিচারক রয়েছেন মাত্র একজন, যেখানে ভারতে ৫০ হাজারে একজন, ইংল্যান্ডে ২০ হাজারে, যুক্তরাষ্ট্র, ফ্রান্স ও ইতালিতে ১০ হাজার জনে একজন বিচারক রয়েছেন। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**৯। সমুদ্রে মাছ ধরতে গিয়ে মৃত্যু হলে বিমা সুবিধা বিবেচনাধীন : সংসদে প্রাণিসম্পদ মন্ত্রী**

সমুদ্রে মাছ ধরতে গিয়ে জেলেদের বিভিন্ন দুর্ঘটনায় মৃত্যু হলে তাদের জন্য বিমা সুবিধা প্রদানের বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে। এছাড়া প্রাকৃতিক দুর্যোগে কোনো জেলে নিহত বা আহত হলে তাদের এককালীন সহায়তা প্রদান করা হয়ে থাকে। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে এ তথ্য জানান মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ. ম. রেজাউল করিম। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.১)।

**১০। গত ৯ বছরে পিএসসির মাধ্যমে ৯৭ হাজার কর্মকর্তা নিয়োগ দিয়েছে সরকার : সংসদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

গত ৯ বছরে (২০১০-২০১৯) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মাধ্যমে ৯৭ হাজার ৫০৪ কর্মকর্তা নিয়োগ দিয়েছে সরকার। তার মধ্যে ৩০ হাজার ৩০১ জনকে বিভিন্ন ক্যাডারে এবং ৬৭ হাজার ২০৩ জনকে নন-ক্যাডারে নিয়োগ দেয়া হয়েছে। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে এ তথ্য জানান জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। সূত্র- **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

**১১। বাণিজ্যমন্ত্রীর সঙ্গে নেপালের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক**
**সৈয়দপুর বিমানবন্দর ব্যবহারে আগ্রহী নেপাল**

বাংলাদেশের সৈয়দপুর বিমানবন্দর ব্যবহার করতে আগ্রহ প্রকাশ করেছে নেপাল। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) বাণিজ্যমন্ত্রী টিপু মুনশির সঙ্গে বৈঠকে এ আগ্রহ প্রকাশ করেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী প্রদীপ কুমার গায়ওয়ালি। বৈঠকে বাংলাদেশ ও নেপালের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) স্বাক্ষরে একমত পোষণ করেছেন দুই দেশের প্রতিনিধিরা। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**১২। পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সঙ্গে কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বৈঠক**
**ফিফা বিশ্বকাপ-২০২২ উপলক্ষে দক্ষ কর্মী নিতে চায় কাতার**

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহ্‌রিয়ার আলম বলেছেন, কাতারের শ্রমবাজার খুলেছে। ফিফা বিশ্বকাপ-২০২২ উপলক্ষে তারা বাংলাদেশ থেকে দক্ষ কর্মী নিতে চায়। আগামী তিন মাসের মধ্যে কাতারের সঙ্গে চারটি সমঝোতা চুক্তি স্বাক্ষর হবে। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) রাষ্ট্রীয় অতিথি ভবন মেঘনায় কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী সুলতান বিন সাদ আল-মুরাইখির সঙ্গে বৈঠক শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**১৩। দানাদার খাদ্যে বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণ : মৌ মেলার উদ্বোধন অনুষ্ঠানে কৃষিমন্ত্রী**

কৃষি ক্ষেত্রে বাংলাদেশ অসাধারণ সাফল্য অর্জন করেছে বলে দাবি করেছেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীর ফার্মগেটে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) চত্বরে জাতীয় মৌ মেলার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ দাবি করে বলেন, দানাদার খাদ্যে বাংলাদেশ এখন স্বয়ংসম্পূর্ণ।
সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **জনকণ্ঠ** ( শেষ পৃ,ক.৪)।

**১৪। গবেষণাপত্র প্রকাশে শিক্ষকদের সহযোগিতা করবে সরকার : ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, শুধু আর্থিক সমস্যার কারণে আমাদের শিক্ষকরা বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলন ও জার্নালে তাদের গবেষণাপত্র উপস্থাপন করতে পারেন না। সরকার এ সমস্যা সমাধানের চেষ্টা করছে। এজন্য একটি তহবিল গঠন করার চিন্তা করছে সরকার। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষকদের প্রশিক্ষণের জন্য বর্তমানে কোনো প্রশিক্ষণকেন্দ্র নেই। কিন্তু সব শিক্ষকের প্রশিক্ষণের প্রয়োজন। সরকার এ লক্ষ্যে একটি প্রশিক্ষণকেন্দ্র স্থাপনের ব্যবস্থা নিচ্ছে। কারণ মানসম্মত শিক্ষক ছাড়া মানসম্মত শিক্ষা অসম্ভব। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীর ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩)।

**১৫। নিখুঁত জনশুমারি করতে হবে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, বিগত দিনে জনশুমারির বিশুদ্ধতা নিয়ে প্রশ্ন ছিল। এবার জনশুমারি নিয়ে যাতে কোনো প্রশ্ন না ওঠে তার জন্য সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। নিখুঁত ও গ্রহণযোগ্য জনশুমারি এবং গৃহগণনা করতে হবে। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে জনশুমারি ও গৃহগণনা প্রকল্পের ঢাকা বিভাগের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ পরামর্শ দেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১), **যুগান্তর** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫.ক.৬)।

**১৬। কচুরিপানা থেকে খাদ্য তৈরির গবেষণা করুন : কৃষিবিজ্ঞানীদের প্রতি পরিকল্পনামন্ত্রী**

কচুরিপানা থেকে খাদ্য তৈরি যায় কিনা তা নিয়ে গবেষণা করতে বিজ্ঞানী ও গবেষকদের পরামর্শ দিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। তিনি বলেছেন, বাংলাদেশের অর্থনীতিতে রূপান্তর বেশি হয়েছে কৃষিতেই। সেখান থেকে অন্যান্য ক্ষেত্রে ছড়িয়ে পড়েছে। এখন উৎপাদন-পরবর্তী খাদ্যের অপচয় কীভাবে কমানো যায়, এ বিষয়ে গবেষণা করা উচিৎ। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীর শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকেন্দ্রে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১)।

**১৭। ঋত্বিক ঘটকের বাড়ি রক্ষায় সরকার ব্যবস্থা নেবে : রাজশাহীতে সংস্কৃতি প্রতিমন্ত্রী**

রাজশাহীতে ঋত্বিক ঘটকের বাড়ি পরিদর্শন করেছেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ। গতকাল (১৭ ফেব্রুয়ারি সোমবার) তিনি বাড়িটি পরিদর্শন করেন। পরিদর্শন শেষে সংস্কৃতি প্রতিমন্ত্রী সাংবাদিকদের বলেন, ঋত্বিক ঘটকের বাড়িটি ঐতিহ্যবাহী। এ বাড়ি রক্ষায় প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালকের সঙ্গে আলোচনা করব। এরপর আইন অনুযায়ী সরকার বাড়িটি রক্ষায় ব্যবস্থা নেবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **যুগান্তর** (পৃ.১৭,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **যায়যায়দিন :** বিশ্ব অর্থনৈতিক ফোরামের বার্ষিক প্রতিবেদনে অন্তভুর্তিমূলক নানা উন্নয়ন সূচকে বাংলাদেশ অনেকটাই পেছনে ফেলেছে প্রতিবেশী ভারত, পাকিস্তানসহ অনেক দেশকেই এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে বাংলাদেশ অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের মধ্যদিয়ে বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়াবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** বিশ্বের সবচাইতে দূষিত বায়ুর শহর হিসেবে ঢাকা শহরের নাম ২০১৯ সালে বার বার উচ্চারিত হয়েছে উল্লেখ করে বায়ুদূষণ প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **ইনকিলাব :** নির্বিচার দখল ও ভয়াবহ দূষণের শিকার দেশের ছোটবড় সব নদী উল্লেখ করে নদীগুলো দখল ও দূষণমুক্ত করতে দ্রুত ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঘ.** **সমকাল** , **ভোরের কাগজ** : সেলফি তুলতে গিয়ে রাজধানীর কুড়িলে ট্রেনের ধাক্কায় দুই বন্ধুর প্রাণহানির খবরটি মর্মান্তিক উল্লেখ করে এ ধরনের দুর্ঘটনা বন্ধে সচেতনতার আহ্বান।

**ঙ.** **সংবাদ** : নিবন্ধিত ফিটনেসবিহীন, অনিবন্ধিত এবং চলাচলের অযোগ্য পরিবহণের বিরুদ্ধে অভিযান পরিচালনা, মনিটরিং এবং আইনি পদক্ষেপ নেয়ার লক্ষ্যে প্রতি জেলায় একটি করে টাস্কফোর্স গঠনের নির্দেশ দিয়েছে আদালত উল্লেখ করে এ নির্দেশনা দ্রুত বাস্তবায়ন করার সুপারিশ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট** : ২০২১ সালের মধ্যে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্য বাস্তবায়নে সোলার পাওয়ার প্রজেক্ট এর আরো বিস্তারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ছ.** **নিউ নেশন :** করোনাভাইরাস প্রতিরোধে ব্যাপক সচেতনতার আহ্বান।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দুর্নীতির মাধ্যমে অর্জিত সম্পদ বাজেয়াপ্ত করলে এবং ব্যাংক অ্যাকাউন্ট বন্ধ করা হলে একটি বড় সতর্কবার্তা থাকে সব দুর্নীতিবাজের কাছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **মাইক্রোপ্লাস্টিক পরিবেশের জন্য হুমকি** নিবন্ধে উল্লেখ করা হয়েছে, মাইক্রোপ্লাস্টিক দূষণের ভয়াবহ ক্ষতি থেকে বাংলাদেশকে রক্ষা করতে হলে সরকারি- বেসরকারিভাবে বিভিন্ন ধরনের উদ্যোগ নিতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা